

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ১৫/১০/২০২০ খ্রি.


একাদশ শ্রেণিতে উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের একাউন্ট খোলা সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, রাঙ্গামাটি সরকারি কলেজে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যেসকল শিক্ষার্থী “সমন্বিত উপবৃত্তি কর্মসূচি” আওতায় উপবৃত্তির জন্য নির্বাচিত হয়েছে, তাদেরকে মোবাইল ব্যাংকিং একাউন্ট (বিকাশ) মাধ্যমে উপবৃত্তির অর্থ বিতরণ করা হবে। এ লক্ষ্যে নির্বাচিত শিক্ষার্থী সম্পর্কিত তথ্য HPS MIS এর সফটওয়্যার লিংকে প্রতিষ্ঠান কর্তৃক এন্ট্রির লক্ষ্যে নীতিমালা অনুযায়ী শিক্ষার্থী এবং পিতা/মাতা স্বয়ং (পিতা/মাতার অনুপস্থিতিতে বৈধ অভিভাবক) কলেজে উপস্থিত হয়ে বিকাশ একাউন্ট খুলতে হবে।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট শিক্ষার্থীকে অভিভাবকসহ (পিতা/মাতা) আগামী ২২/১০/২০২০ খ্রি. তারিখ সকাল ১১.০০ টায় কলেজের ২০৬ নং কক্ষে উপস্থিত হয়ে বিকাশ একাউন্ট খোলার জন্য নির্দেশ দেয়া গেল। অন্যথায়, কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। উল্লেখ্য যে, অবশ্যই স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক মাস্ক ব্যবহার ও শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে।

**অনুসরণীয়:**

- ১। মোবাইল ব্যাংকিং একাউন্ট (বিকাশ) খোলার সময় শিক্ষার্থী কিংবা পিতা/মাতা/অভিভাবকের নামে রেজিস্ট্রেশনকৃত সিমসহ মোবাইল সেট নিজ দায়িত্বে আনতে হবে। মোবাইল ব্যাংকিং একাউন্ট এর ব্যবহারের ক্ষেত্রে অবশ্যই ১১ থেকে ১২ ডিজিট হতে হবে।
- ২। শিক্ষার্থীর এবং তার পিতা/মাতা/অভিভাবকের পাসপোর্ট সাইজের রঙিন ছবি- ১কপি সঙ্গে আনতে হবে।
- ৩। শিক্ষার্থীর রেজিঃকার্ড/আইডি কার্ডের মূলকপি এবং তার পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের মূলকপি সঙ্গে রাখতে হবে।
- ৪। ইতোপূর্বে পিতা/মাতার নামে জাতীয় পরিচয়পত্র দিয়ে বৈধ ও সচল মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্ট খোলা থাকলে তাদের নতুন করে অ্যাকাউন্ট খোলার প্রয়োজন নেই। তবে একাউন্টধারীর হিসাব নম্বর (১৩ থেকে ১৭ ডিজিট) নির্ধারিত তারিখে বিকাশ প্রতিনিধির নিকট অবশ্যই জমা দিতে হবে।
- ৫। বিকাশ প্রতিনিধির উপস্থিতিতে শিক্ষার্থীরা নির্ধারিত KYC ফরম পূরণ করবে।



অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

**অবগতি ও কার্যার্থে বিতরণ:**

- ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাঙ্গামাটি সদর উপজেলা, রাঙ্গামাটি।
- ২। ব্যবস্থাপক, বিকাশ, চেম্বার অব কমার্স, (বি.আলাম ট্রেডার্স, ২য় তলা), রিজার্ভ বাজার, রাঙ্গামাটি।
- ৩। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।
- ৪। সংরক্ষণ নথি।

  
অধ্যক্ষ  
১৫.১০.২০২০

রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

